# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৯৯

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ (১) হালাল উপায়ে সম্পদ জমা করা এবং এর সাথে সংশ্লিষ্ট অন্যান্য মাসআলা - সম্পদ খরচ না করে ধরে রাখার ব্যাপারে নিষেধাজ্ঞা, কেননা আল্লাহ ঐ ব্যক্তিকে দেওয়া থেকে বিরত থাকেন, যে ব্যক্তি সম্পদ খরচ করা থেকে বিরত থাকে

## 1 ـ بَابُ جَمْعِ الْمَالِ مِنْ حِلِّه وَمَا يَتَعَلَّقُ بذلك ـ ذِكْرُ الزَّجْرِ عَنْ أَنْ يُوعِيَ الْمَرْءُ بَعْضَ مَالِهِ إِذِ اللَّهُ جَلَّ وَعَلَا يُوعي عَلَى مَنْ جَمَعَ مَالَهُ فَأَوْعَى

আরবী

3199 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ عبَّاد بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ وَفَاطِمَةَ بِنْتِ الْمُنْذِرِ عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ ـ وَكَانَتْ إِذَا أَنْفَقَتْ شَيْئًا تُحصي ـ فَقَالَ لَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَنْفِقِي وَلَا تُحْصِي فيُحصي اللَّهُ عَلَيْكِ وَلَا تُوعِي فيُوعي اللَّهُ عَلَيْكِ)
الراوي : أَسْمَاء بِنْت أَبِي بَكْرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3199 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (1490): ق.

বাংলা

৩১৯৯. আসমা বিনতু আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি যখন খরচ করতেন, তখন তিনি হিসাব করে রাখতেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বলেন, “তুমি খরচ করো কিন্তু হিসাব করো না, অন্যথায় আল্লাহও হিসাব করে দিবেন। তুমি সম্পদ খরচ না করে রেখে দিবে না, তাহলে আল্লাহও তোমাকে দেওয়া থেকে বিরত থাকবেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৩৪৫; সহীহুল বুখারী: ১৪৩৩; সহীহ মুসলিম: ১০২৯; নাসাঈ: ৫/৭৩-৭৪; তাবারানী আল

কাবীর: ২৪/৩৩৭; সুনান বাইহাকী: ৪/১৮৬-১৮৭; বাগাবী: ১৬৫৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০০৫৬।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১৪৯০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আসমা বিনতু আবূ বাকর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92529

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন